

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
বৃত্তি, পুরস্কার ও এওয়ার্ড
www.bncu.gov.bd



১, জহির রায়হান রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫

স্মারক নম্বর: ৩৭.১৮.০০০০..০০৮.২৪.০৬২.১৭.২০

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৮

২৬ জুলাই ২০২১

বিষয়: **UNESCO-Sharjah Prize for Arab Culture- 18th Edition – মনোনয়ন প্রেরণের সময়সীমা বর্ধিতকরণ সম্পর্কিত।**

উপর্যুক্ত বিষয়ে উল্লেখ করা যাচ্ছে যে, UNESCO-Sharjah Prize for Arab Culture- 18th Edition-এর জন্য বাংলাদেশ হতে মনোনয়ন আহবান করা হয়েছে। সংযুক্ত আরব আমিরাতের অর্থায়নে উক্ত পুরস্কার প্রদান করা হয়ে থাকে। প্রতি বছর আরব রাষ্ট্রসমূহের এবং বহির্বিশ্বের দুই জন বিশিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে আরব সংস্কৃতির উন্নয়ন এবং বিস্তার ঘটানো এবং সেই সাথে আন্তঃসাংস্কৃতিক সংলাপ এবং সমঝোতা বৃদ্ধিতে তাদের অবদানের স্বীকৃতি স্বরূপ এই পুরস্কার দেয়া হয়। একটি আন্তর্জাতিক জুরী প্যানেলের সুপারিশক্রমে ইউনেস্কোর মহাসচিব কর্তৃক নির্বাচিত দু'জন বিজয়ীকে ৬০,০০০ মার্কিন ডলার সমভাবে ভাগ করে দেয়া হয়।

২। মনোনীত প্রার্থীর পূরণকৃত মনোনয়ন ফরম বিগত ৩০ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দের মধ্যে অনলাইনে সাবমিট করার বিষয়ে বিবেচ্য পত্রে অনুরোধ করা হয়েছিল (উল্লেখ্য, বিএনসিইউ পূর্বে বর্ণিত পুরস্কারের বিষয়ে ইউনেস্কো কর্তৃক অবহিত হয়নি)। এক্ষণে, আয়োজক সংস্থা কর্তৃক বর্ণিত পুরস্কারের মনোনয়ন অনলাইনে সাবমিট করার সময়সীমা বর্ধিত করে বিগত ৩০ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ হতে ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বর্ধিত করেছে। পুরস্কার সম্পর্কিত সব তথ্য <https://en.unesco.org/prizes/sharjah>-এই ওয়েব সাইটে পাওয়া যাবে। বর্ণিত পুরস্কারের আবেদন এবং মনোনয়ন স্ব স্ব দেশের ইউনেস্কো জাতীয় কমিশনের মাধ্যমে আয়োজক সংস্থার নিকট প্রেরণ করতে হবে মর্মে পত্রে উল্লেখ আছে। উল্লিখিত পুরস্কারের মনোনয়নের ক্ষেত্রে মহিলা ও যুবাদের অগ্রাধিকারের বিষয়ে বিবেচ্য পত্রে বলা হয়েছে।

৩। এমতাবস্থায়, বর্ণিত পুরস্কারের জন্য উপযুক্ত প্রার্থী/প্রতিষ্ঠান/সংস্থাকে মনোনয়ন প্রদান এবং মনোনীত প্রার্থী/প্রতিষ্ঠান/সংস্থার অনলাইনে পূরণকৃত আবেদন ফরম ও আনুষঙ্গিক কাগজপত্রসহ ০২ (দুই) সেট (হার্ড কপি ও সফট কপি) আগামী ০৯ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনে (০১, জহির রায়হান রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫) প্রেরণের জন্য সর্বিনয়ে অনুরোধ করা হলো।

২৬-৭-২০২১

জনাব মো: সোহেল ইমাম খান

ডেপুটি সেক্রেটারি জেনারেল

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ২) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ৪) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণ ও তাঁর মাধ্যমে মননোনয়ন প্রেরণের অনুরোধসহ)।
- ৫) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো ঢাকা-১২০৭ (সকল এনজিও/আইএনজিওকে ও অবহিতকরণ ও তাঁর মাধ্যমে মননোনয়ন প্রেরণের অনুরোধসহ)।

স্মারক নম্বর: ৩৭.১৮.০০০০..০০৮.২৪.০৬২.১৭.২০/১(৩)

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৮
২৬ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) প্রোগ্রাম অফিসার (আইসিটি), তথ্য ও যোগাযোগ শাখা, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (তাঁকে পুরস্কারের বিষয়টি বিএনসিইউ'র ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।



২৬-৭-২০২১

জনাব মো: সোহেল ইমাম খান
ডেপুটি সেক্রেটারি জেনারেল